# AKASHVANI(AIR)

## RNU:KOLKATA

## BengaliText Bulletin

**Date 12-01-2026 Time: 7.35 A.M.**

## বিশেষ বিশেষ খবরঃ-

১) স্বামী বিবেকানন্দের জন্মদিন আজ। রাজ্যজুড়ে  নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে সাড়ম্বরে ১৬৩ তম জন্মবার্ষিকী উদযাপিত হচ্ছে।

এই উপলক্ষে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সন্ধ্যায় নতুন দিল্লিতে বিকশিত ভারত ইয়ং লিডার্স ডায়ালগ ২০২৬-এর সমাপ্তি অধিবেশনে যোগ দেবেন।

২) নির্বাচন কমিশন এরাজ্যের এস আই আর-এ চা ও সিঙ্কোনা বাগিচার শ্রমিক কর্মীদের কাজের রেকর্ডকে বাসস্থান ও পরিচয়জ্ঞাপক বৈধ নথি হিসেবে মান্যতা দিয়েছে।

কমিশনের এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে বিজেপি বলেছে, তাদের দাবি মেনেই এটা করা হয়েছে ।

৩) সিএএতে আবেদনের মাত্র চার মাসের মধ্যে ভারতীয় নাগরিকত্ব পেলেন পূর্ববর্ধমানের পূর্বস্থলীর কালেখাতলা পঞ্চায়েতের বড়গাছি গ্রামের বাসিন্দা সবুজ দাস এবং তার পরিবার।

৪) গঙ্গাসাগর মেলায় নজরদারি ও ভিড় নিয়ন্ত্রণে অত্যাধুনিক প্রযুক্তির ব্যবহার করছে রাজ্য সরকার।

৫) আবহাওয়া দফতরের পূর্বাভাষ মতোই আজ আবার সর্বনিম্ন তাপমাত্রা কিছুটা কমেছে।

oooooooooooooooooo

স্বামী বিবেকানন্দের জন্মদিন আজ। নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে ১৬৩ তম জন্মবার্ষিকী সাড়ম্বরে উদযাপিত হচ্ছে। স্বামীজীর জন্মদিনটি দেশজুড়ে জাতীয় যুব দিবস হিসেবে উদযাপিত হবে।

এই উপলক্ষে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সন্ধ্যায় নতুনদিল্লিতে বিকশিত ভারত ইয়ং লিডার্স ডায়ালগ ২০২৬-এর সমাপ্তি অধিবেশনে যোগ দেবেন। তিনি দেশ বিদেশের প্রায় তিন হাজার যুবক যুবতীর সঙ্গে মতবিনিময় করবেন। নির্বাচিত অংশগ্রহণকারীরা দশটি বিষয়ের মধ্যে একটি বিষয়ে তাদের ভাবনা উপস্থাপিত করবেন।

জন্মদিনে রাজ্য সরকারের যুব কল্যাণ ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে দিনটি বিবেক চেতনা উৎসব হিসেবে উদযাপিত হচ্ছে। উত্তর কলকাতার শিমলা স্ট্রীটে স্বামীজীর জন্মভিটেতে নানা ধর্মীয় আচার অনুষ্ঠানের মধ্য দিয়ে উদযাপিত হচ্ছে স্বামীজীর জন্মবার্ষিকী। সকালে মঙ্গল আরতি, বিশেষ পূজা পাঠ, স্বামীজীর জীবন ও বাণী আলোচনা সহ দিনভর নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। শিমলা স্ট্রিটের স্বামীজীর পৈত্রিক বাড়ি থেকে বর্ণাঢ্য শোভাযাত্রার আয়োজন করা হয়েছে। উত্তর কলকাতার বিভিন্ন পথ পরিক্রমা করবে এই বর্ণাঢ্য শোভাযাত্রা। শোভাযাত্রায় বহু ভক্ত ও সাধারণ মানুষ ও স্কুলের ছাত্র-ছাত্রীরা অংশ নিচ্ছেন।

বেলুড় মঠে স্বামীজীর জন্মদিন উদযাপন উপলক্ষে সকাল থেকেই ভিড় জমিয়েছেন বহু ভুক্ত, ও সাধারণ মানুষ। রামকৃষ্ণ মঠ ও মিশনের সব কেন্দ্রে, বিভিন্ন ধর্মীয় সংগঠন ,সামাজিক সংগঠন ও শিক্ষা প্রতিষ্ঠানে আজ যথোচিত মর্যাদায় উদযাপিত হচ্ছে দিনটি।

কলকাতা পুরসভার পক্ষ থেকেও দিনটি উদযাপন করা হচ্ছে।

ooooooooooooooooo

বিজেপি যুব মোর্চা আজ স্বামীজীর জন্মদিনে রাজ্যজুড়ে ‘বিবেক যাত্রা’ কর্মসূচি পালন করছে। যুব মোর্চার রাজ্য সভাপতি ইন্দ্রনীল খান জানিয়েছেন, ১২ই জানুয়ারি শুধুমাত্র একটি স্মরণীয় দিন নয়, পবিত্র উপলক্ষ্য। তিনি জানান, রাজ্যের প্রতিটি জেলা সদরে স্বামী বিবেকানন্দকে সামনে রেখে শোভাযাত্রা বের করা হবে। এই যাত্রার মাধ্যমে গত ১২বছরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে স্বামী বিবেকানন্দের স্বপ্ন কীভাবে বাস্তবে রূপায়িত হচ্ছে,তা যুব সমাজ ও নারী শক্তির সামনে তুলে ধরা হবে।

ooooooooooooooooo

পশ্চিমবঙ্গে ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন,SIR-এ বাসস্থান এবং পরিচয় জ্ঞাপক বৈধ নথি হিসাবে চা বাগান এবং সিঙ্কোনা বাগানের শ্রমিক কর্মচারীদের কর্ম সংক্রান্ত রেকর্ড বা নথি কে মান্যতা দিল নির্বাচন কমিশন। বিজেপির পক্ষ থেকে উত্তরবঙ্গের জেলাগুলির চা ও সিঙ্কোনা বাগানে কর্মরতদের ঐ নথি কে এক্ষেত্রে মান্যতা দেওয়ার জন্য নির্বাচন কমিশনের কাছে আবেদন জানানো হয়েছিল, তাতে স্বীকৃতি দিয়ে কমিশনের এই সিদ্ধান্ত।

উত্তরবঙ্গের জেলাগুলির যে সব কঠোর পরিশ্রমী আদিবাসী সম্প্রদায়ের মানুষজন বনবাসী এবং বাগান কর্মীরা সুদীর্ঘ সময় রাজ্য সরকারের উদাসীনতায় তাদের গণতান্ত্রিক অধিকার থেকে বঞ্চিত হচ্ছিলেন এই ঐতিহাসিক সিদ্ধান্তে তারা উপকৃত হবেন।

বিজেপির পক্ষ থেকে এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে বলা হয়েছে, এটি কেবল একটি প্রশাসনিক সিদ্ধান্ত নয়, এ হল হাজার হাজার বঞ্চিত মানুষের ভোটাধিকার ও মর্যাদা ফিরিয়ে দেওয়া। দলের জাতীয় আহ্বায়ক এবং তথ্য ও প্রযুক্তি দপ্তরের দায়িত্ব প্রাপ্ত অমিত ম্‌লব্য সংশ্লিষ্ট এলাকার বৈধ ভোটারদের তাঁদের বাগিচা শ্রমিক হিসেবে নিজেদের কর্ম সংক্রান্ত নথি ব্যবহার করে ভোটার তালিকায় নাম নথিভুক্ত করার জন্য এগিয়ে আসতে আহ্বান জানিয়েছেন।

oooooooooooooooo

বিজেপি নির্বাচন কমিশনের এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এক্স হ্যান্ডেলে এই সিদ্ধান্তকে তাঁদের জয় বলে দাবি করে বলেছেন, তাদের আবেদন অনুমোদন করেই নির্বাচন কমিশন এরাজ্যের এস আই আর-এ চা বাগান এবং সিনকোনা বাগানের কর্মসংস্থানের রেকর্ডকে স্বীকৃতি দিয়ে সেগুলোকে পরিচয় এবং বাসস্থানের বৈধ প্রমাণপত্র হিসাবে গ্রহণ করার সিদ্ধান্ত নিয়েছে। বিরোধী দলনেতা এই সুযোগের সদ্ব্যবহার এবং কর্মসংস্থানের রেকর্ড ব্যবহার করে ভোটার তালিকায় নাম নথিভুক্ত করতে এই অঞ্চলের সব যোগ্য ভোটারের কাছে আবেদন জানিয়েছেন।

oooooooooooooooo

বিধানসভায় বিরোধী দলের মুখ্য সচেতক ও শিলিগুড়ির বিধায়ক শঙ্কর ঘোষ, নির্বাচন কমিশনের এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছেন।

(বাইট - শঙ্কর ঘোষ)

০০০০০০০০০০০০০০০০০

নাগরিকত্ব ইস্যু নিয়ে বিতর্ক এবং এস আই আর আবহে সিএএতে আবেদন করে মাত্র চার মাসের মাথায় ভারতীয় নাগরিকত্বের শংসাপত্র পেলেন পূর্ববর্ধমানের পূর্বস্থলীর কালেখাতলা পঞ্চায়েতের বড়গাছি গ্রামের বাসিন্দা সবুজ দাস এবং তার পরিবার। এসআইআরের শুনানি পর্বের অনিশ্চয়তার মাঝেই নাগরিকত্বের শংসাপত্র হাতে পেয়ে স্বস্তির নিঃশ্বাস ফেলেছেন দাস পরিবার।

উল্লেখ্য গত বছরের অক্টোবর মাসে দাস পরিবারের পক্ষ থেকে সিএএএর মাধ্যমে ভারতীয় নাগরিকত্বের জন্য আবেদন করা হয়। চলতি বছরের ৮-ই জানুয়ারি স্বরাষ্ট্রমন্ত্রকের পক্ষ থেকে তার নাগরিকত্ব শংসাপত্র প্রস্তুত বলে একটি ই-মেল পান। নির্দিষ্ট সময়ে ডাক যোগে তা পৌঁছে যাবে বলে জানানো হয়।

জানা যায়, বাংলাদেশের চট্টগ্রাম জেলায় বসবাস করতেন সবুজ দাসের পরিবার। ২৬ বছর আগে সবুজ দাসের বাবা প্রয়াত চাঁদমনি দাস, মা চন্দ্রতারা দাস, সবুজ ও তাঁর ভাই ভারতে চলে আসেন। পূর্বস্থলীর বড়গাছি গ্রামের মাঝের পাড়ায় বসবাস করছেন তাঁরা।

এই প্রসঙ্গে স্থানীয় বিজেপি নেতা দীপঙ্কর পাল জানিয়েছেন , শাসকদল সিএএ নিয়ে মিথ্যা অপপ্রচার চালাচ্ছে। সেই প্ররোচনায় পা না দিয়ে ভারতীয় নাগরিকত্ব পেতে আগ্রহীদের আবেদন করার আহ্বান জানান তিনি।

০০০০০০০০০০০০০০০০০

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারির ওপর পরিকল্পিতভাবে আক্রমণ করা হয়েছে বলে বিজেপি অভিযোগ করেছে। কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্যসভাপতি শমিক ভট্টাচার্য বলেন, মুখ্যমন্ত্রী নজিরবিহীনভাবে সরকারী কাজে বাধা দিয়েছেন এবং তদন্তকারী সংস্থার কাজে হস্তক্ষেপ করেছেন। এরফলে গোটা রাজ্য এবং সারা দেশে আলোচনা শুরু হয়েছে। এই বিতর্ক থেকে দৃষ্টি ঘোরানোর জন্যই বিরোধী দল নেতার ওপর আক্রমণ করা হয়েছে বলে তিনি জানান।

এর আগে জলপাইগুড়িতে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার অভিযোগ করেন, উদ্দেশ্য প্রণোদিতভাবে বিরোধী দলনেতার ওপরে আক্রমণ চালানো হয়।

মুখ্যমন্ত্রী ভোটের আগে এমন পরিস্থিতি তৈরি করতে চাইছেন যাতে কেন্দ্রীয় সরকার এক্ষেত্রে হস্তক্ষেপ করে। এরপর বিষয়টি নিয়ে ইস্যু তৈরি করে মুখ্যমন্ত্রী মানুষের সহানুভূতি আদায়ের চেষ্টা করবেন এবং ভোটের বৈতরণী পার হবেন।

অন্যদিকে, তার কনভয়ে আক্রমণের প্রতিবাদে বিরোধী দলনেতা আগামীকাল 'চন্দ্রকোনা চলো'র ডাক দিয়েছেন। ইতিমধ্যেই এই ঘটনার প্রতিবাদে মেদিনীপুর সহ রাজ্যের বিভিন্ন প্রান্তে বিজেপি কর্মীরা বিক্ষোভ দেখান। এই ঘটনার প্রতিবাদে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর নেতৃত্বে বিজেপির পক্ষ থেকে  গতকাল দুপুরে যাদবপুর এইট-বি বাস স্ট্যান্ড থেকে দেশপ্রিয় পার্ক পর্যন্ত এক মিছিল হয়।

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর গাড়িতে আক্রমণের ঘটনায় রিপোর্ট চেয়েছে।

০০০০০০০০০০০০০০০০০

গঙ্গাসাগর মেলায় নজরদারি ও ভিড় নিয়ন্ত্রণে অত্যাধুনিক প্রযুক্তির ব্যবহার করছে রাজ্য সরকার। প্রশাসনিক সূত্রের অনুমান, এবছর গঙ্গাসাগর মেলায় এক কোটিরও বেশি পুণ্যার্থীর সমাগম হতে পারে। এই বিপুল ভিড় সুষ্ঠুভাবে সামাল দিতে ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা ইসরোর তৈরি ‘নেভি সি’ প্রযুক্তি ব্যবহার করা হচ্ছে। সাতটি স্যাটেলাইট ও একাধিক নিয়ন্ত্রণ কেন্দ্রের মাধ্যমে রিয়েল টাইম তথ্য সংগ্রহ করে কোথায় কতটা ভিড়, যান চলাচলের অবস্থা এবং নিরাপত্তা পরিস্থিতি সম্পর্কে মুহূর্তে মুহূর্তে তথ্য পাচ্ছে প্রশাসন। সেই তথ্যের ভিত্তিতেই নেওয়া হচ্ছে দ্রুত সিদ্ধান্ত। একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – গৌতম)

গঙ্গাসাগর মেলা ২০২৬-কে আরও নিরাপদ ও সুশৃঙ্খল করতে একাধিক ডিজিটাল প্ল্যাটফর্ম চালু করা হয়েছে। ভিড় নিয়ন্ত্রণ ও নিরাপত্তার জন্য ব্যবহার হচ্ছে পিটিএমএস, সিসিটিভি সার্ভেইল্যান্স ‘নিরীক্ষণ’, ডিজিটাল তথ্য পরিষেবা ‘দর্শন’, ‘সাগর সঞ্চার’, ‘পরিচয়’ ও ‘বন্ধন’। হারিয়ে যাওয়া ব্যক্তিদের খোঁজে সহায়তা করবে ‘অনুসন্ধান’ অ্যাপ। এছাড়াও যাত্রীদের সহায়তার জন্য চালু রয়েছে বিশেষ হেল্পলাইন নম্বর ১৮০০-৫৩২-৫৩২৮। প্রশাসনের আশা, আধুনিক প্রযুক্তির ব্যবহারে এবারের গঙ্গাসাগর মেলা হবে আরও নিরাপদ ও স্বাচ্ছন্দ্যময়।

ooooooooooooooooo

আবহাওয়া দপ্তরের পূর্বাভাষ মতই আজ আবার সর্বনিম্ন তাপমাত্রা কিছুটা কমেছে । আলিপুরে আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১২.৪ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে এক দশমিক চার ডিগ্রি কম। গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৩.৯ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে প্রায় এক ডিগ্রি কম। আগামী ৭ দিন রাজ্যের সর্বত্র শীত বজায় থাকবে এবং তাপমাত্রার বিশেষ হেরফের হবে না বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। উত্তরবঙ্গের জেলাগুলিতে সকালের দিকে কুয়াশা থাকার সম্ভাবনা রয়েছে।

ooooooooooooooooo

ooooooooooooooooo